

শামসুন্নাহার হলে পুলিশি বর্বরতা স্বরাষ্ট্রমন্ত্রী, শিক্ষামন্ত্রী ও উপাচার্যের শাস্তি দাবি করেছেন শেখ হাসিনা

বিরোধীদলীয় নেত্রী শেখ হাসিনা বলেছেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হলে কলকরজনক পুলিশি হামলার পর সরকার ক্ষমতায় থাকার নৈতিক অধিকার হারিয়েছে। তিনি গভীর রাতে ছাত্রীহলে মেয়েদের ওপর এ ঘণ্য হামলার জন্য স্বরাষ্ট্রমন্ত্রী, শিক্ষামন্ত্রী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও অপরাধের দোষী ব্যক্তিদের শাস্তি দাবি করেছেন। শেখ হাসিনা গতকাল যুক্তরাষ্ট্রে থেকে এক কঠোর বিবৃতিতে এ দাবি জানান। শেখ হাসিনা চলমান ছাত্র আন্দোলনের সঙ্গে পূর্ণ একাত্মতা ঘোষণা করেন। ইউএনবি।

বর্তমানে যুক্তরাষ্ট্রে অবস্থানরত শেখ হাসিনা ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদ্ভূত পরিস্থিতি সম্পর্কে দলীয় নেতাদের সঙ্গে সার্বক্ষণিকভাবে যোগাযোগ রাখছেন। শেখ হাসিনা বলেন, বর্তমান সরকার নিরীহ সাধারণ ছাত্রছাত্রীদের নিরাপত্তা দিতে সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছে। তিনি বলেন, এটা মর্মান্তিক, গোটা জাতির জন্য এ এক লজ্জা...। গভীর রাতে ছাত্রীদের ওপর পুলিশের এরকম লম্বা হামলা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে আর ঘটেনি। শেখ হাসিনা বলেন, বিএনপি-জামাত জোট সরকারের এ নৃশংসতা বাংলাদেশের ভাবমূর্তিকে ভুলুটিত করেছে।

শেখ হাসিনা বলেন, কোনো অবস্থায় আমরা এরকম

● এরপর-পৃষ্ঠা ১১ কলাম ৫

স্বরাষ্ট্রমন্ত্রী, শিক্ষামন্ত্রী ও উপাচার্যের

● প্রথম পাতার পর বর্বরোচিত কর্মকাণ্ড বরদাশত করবো না। তিনি চলমান ছাত্র আন্দোলনের সঙ্গে সম্পূর্ণ একাত্মতা ঘোষণা করেন। শেখ হাসিনা বর্তমান নিপীড়ক, খুনি ও দুর্নীতিবাজ সরকারের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার জন্য জনগণের প্রতি আহ্বান জানান।